



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2022

গভর্নর ক্যাথি হোকল

25 মে তারিখে অ্যান্টনিও ডেলগাডো লেফটেনেন্ট গভর্নর হিসেবে শপথ গ্রহণ করবেন বলে গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে রিপ্রেজেন্টেটিভ অ্যান্টনিও ডেলগাডো বুধবার, 25 মে তারিখে লেফটেনেন্ট গভর্নর হিসেবে শপথ গ্রহণ করবেন। কংগ্রেস থেকে রিপ্রেজেন্টেটিভ ডেলগাডোর পদত্যাগের পর, গভর্নর হোকল আইন অনুযায়ী নির্ধারিত নিয়ম মেনে সম্প্রতি নির্ধারিত আগস্ট মাসের নির্বাচনের তারিখের সাথে সঙ্গতি রক্ষা করে একটি বিশেষ নির্বাচন আয়োজনের ঘোষণা দিয়ে ঘোষণাপত্র জারি করবেন।

"অ্যান্টনিও ডেলগাডো একজন অনন্য নেতা এবং জনগণের সেবক যার নিউ ইয়র্কবাসীদের জন্য বিভিন্ন গুরুদায়িত্ব পালনের রেকর্ড রয়েছে, এবং নিউ ইয়র্কের লেফটেনেন্ট গভর্নর হিসেবে তিনি একজন আস্থাভাজন অংশীদার হিসেবে ভূমিকা রাখবেন," বলেছেন গভর্নর হোকল। "শিক্ষা, সাশ্রয়ী আবাসন, অর্থনৈতিক উন্নয়ন ও অবকাঠামো সহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আমি তার সাথে একসঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি, এবং ওয়াশিংটনে তার কর্মজীবনের অভিজ্ঞতা আমাদের কংগ্রেসনাল ডেলিগেশনে তাকে একজন গুরুত্বপূর্ণ সংযোগ রক্ষাকারীতে পরিণত করতে। অন্তর্বর্তীকালীন এই সময়ে দায়িত্ব পালনের জন্য এবং আমাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য আমি সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এর প্রতি কৃতজ্ঞ।"

"কংগ্রেসে দায়িত্ব পালন করা, ফলাফল পৌঁছে দিতে পারা এবং 19তম ডিস্ট্রিক্টের নির্বাচনী এলাকার মানুষদের জন্য লড়াই করতে পারা একটি সম্মানের বিষয় ছিল। এখন, আমি সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে লোকজনের সাথে কর্মসংস্থানের সংযোগ তৈরি করার জন্য আমার এত বছরের অভিজ্ঞতা ও সক্ষমতা কাজে লাগাতে প্রস্তুত," বলেছেন লেফটেনেন্ট গভর্নর পদে মনোনীত অ্যান্টনিও ডেলগাডো। "নিউ ইয়র্কের এমন একজন অভিজ্ঞ নেতৃত্বের প্রয়োজন যার যথাযথভাবে কাজ সমাপ্ত করার গুরুদায়িত্ব পালন করার ইতিহাস রয়েছে। লেফটেনেন্ট গভর্নর হিসেবে এই দায়িত্ব পালনে এগিয়ে আসতে এবং নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করতে প্রতিনিয়ত নিরলসভাবে কাজ করে যেতে আমি আগ্রহ নিয়ে প্রস্তুত আছি।"

আপস্টেট নিউ ইয়র্কের স্থানীয় বাসিন্দা, রিপ্রেজেন্টেটিভ ডেলগাডো স্কেনেকটেডিতে বেড়ে উঠেছেন এবং তার স্ত্রী, লেসি, ও আট বছর বয়সী দুই জমজ সন্তান, ম্যাক্সওয়েল ও কোলট্রেনকে সাথে নিয়ে রাইনব্যাকে থাকেন। তিনি কোলগেট বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করেছেন এবং

অক্সফোর্ডে পড়ার জন্য রোডস স্কলারশিপ পেয়েছেন। এরপর, তিনি হার্ভার্ড ল স্কুল (Harvard Law School) থেকে আইন বিষয়ে ডিগ্রি লাভ করেন, যেখানে তার সাথে লেসির পরিচয় হয়। তিনি একজন তরুণ আইনজীবী হিসেবে কিছুদিন নিউ ইয়র্ক সিটিতে বাস করেন।

তিনি কংগ্রেসে তার ভোটারদের সেবা প্রদান করেন - পারিবারিক খামারগুলোর জন্য ত্রাণ সরবরাহ করা, ক্ষুদ্র ব্যবসায় পুনর্নির্মাণ ও টিকে থাকার সংগ্রামে সাহায্য করা, নির্মল জ্বালানী খাতে কর্মসংস্থান সৃষ্টি করা, এবং আমাদের ভেটেরানদেরকে সহায়তা প্রদান করা। তিনি 2018 সালে কংগ্রেসে প্রথম নির্বাচিত হন। রিপ্রেজেন্টেটিভ ডেলগাডো কমোডিটি এক্সচেঞ্জ, এনার্জি ও ক্রেডিট বিষয়ক হাউজ এগ্রিকালচার সাবকমিটির (House Agriculture Subcommittee on Commodity Exchanges) সভাপতি, এছাড়াও তিনি হাউজ স্মল বিজনেস এন্ড ট্রান্সপোর্টেশন এন্ড ইনফ্রেস্ট্রাকচার কমিটিতে (House Small Business and Transportation and Infrastructure Committees) কাজ করেছেন।

কংগ্রেসে অবকাঠামো খাতে ঐতিহাসিক ফেডারেল বিনিয়োগ এবং একইসাথে সরাসরি 10 বিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক ত্রাণ সংগ্রহ করার ক্ষেত্রে রেকর্ড সৃষ্টির পর, লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো গভর্নরের অগ্রাধিকার ও উদ্যোগগুলোর পক্ষে সমর্থন যোগানোর জন্য স্থানীয়, স্টেট, ও ফেডারেল পর্যায়ের অংশীদারদের মধ্যে সংযোগ রক্ষাকারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)